তথ্য ও গণসংযোগ বিভাগ
Information and Public Relations Division

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
BANGLADESH OPEN UNIVERSITY

**প্রেস রিলিজ**

২০ সেপ্টেম্বর **২০২৫**

## "শরণখোলায় বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের উপ-আঞ্চলিক কেন্দ্রের শুভ উদ্বোধন" :

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের (বাউবি) শিক্ষা সম্প্রসারণ কার্যক্রমের অংশ হিসেবে বাগেরহাটের শরণখোলা উপজেলায় আজ শনিবার (২০ সেপ্টেম্বর ২০২৫) সকাল ১০ টায় বিশ্ববিদ্যালয়ের একটি উপ-আঞ্চলিক কেন্দ্রের আনুষ্ঠানিক উদ্বোধন ঘোষণা করা হয়েছে। শরণখোলায় এ কেন্দ্র উদ্বোধনের মাধ্যমে উপকূলীয় অঞ্চলের শিক্ষার্থীদের জন্য উচ্চশিক্ষা আরও সহজলভ্য ও সময়োপযোগী হলো।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে উদ্বোধন ঘোষণা করেন বাউবির মাননীয় উপাচার্য অধ্যাপক ড. এ বি এম ওবায়দুল ইসলাম। তিনি বলেন— "শিক্ষা প্রসারে বাউবি নিরলসভাবে কাজ করছে। উপকূলীয় অঞ্চলের শিক্ষার্থীরা এখন থেকে আরও সহজে শিক্ষা কার্যক্রমে অংশ নিতে পারবে। আধুনিক পাঠ্যক্রম, কারিগরি ও ভোকেশনাল শিক্ষা এবং তথ্যপ্রযুক্তি নির্ভর কর্মমুখী শিক্ষায় বিশেষ গুরুত্ব দেওয়া হবে। তরুণদের দক্ষ মানবসম্পদে রূপান্তরিত করতে প্রশিক্ষণ কেন্দ্র গড়ে তোলা হবে। ইতোমধ্যে অনেক প্রোগ্রামের ফি হ্রাস করা হয়েছে এবং ধাপে ধাপে অন্যান্য প্রোগ্রামের ফিও কমানো হবে— যাতে প্রত্যন্ত অঞ্চলের সব শ্রেণী-পেশার মানুষ শিক্ষার সুযোগ সমানভাবে ভোগ করতে পারে।" উপাচার্য আরও বলেন, "গুণগত, কর্মমুখী এবং জীবনমুখী শিক্ষা জাতির অগ্রগতির জন্য অপরিহার্য। বাউবি গাজীপুরে অবস্থিত মূল ক্যাম্পাসসহ (সদর দপ্তর) দেশের ১২ টি আঞ্চলিক কেন্দ্র ও ৮০টি উপ-আঞ্চলিক কেন্দ্রের মাধ্যমে শিক্ষা বিস্তারে কাজ করছে। বন্ধ থাকা শরণখোলা উপ-আঞ্চলিক কেন্দ্রটি আজ চালু হওয়ায় এখানকার মানুষের জন্য শিক্ষার নতুন দুয়ার উন্মোচিত হলো।"

সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, খুলনা রেঞ্জের অতিরিক্ত ডিআইজি (পুলিশ) শেখ জয়েনুদ্দিন পিপিএম। তিনি বলেন, "শিক্ষিত সমাজই জাতির মেরুদণ্ড। দেশের প্রত্যন্ত অঞ্চলে শিক্ষার আলো পৌঁছে দিতে বাউবির এই উদ্যোগ নিঃসন্দেহে যুগান্তকারী।" বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন, বাগেরহাট জেলার পুলিশ সুপার জনাব মোঃ আসাদুজ্জামান এবং সরকারি প্রফুল্ল চন্দ্র কলেজ, বাগেরহাটের অধ্যক্ষ অধ্যাপক শেখ জিয়াউল ইসলাম।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন , বাউবির প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. দিল রওশন জিন্নাত আরা নাজনীন। তিনি বলেন— "উপ-আঞ্চলিক কেন্দ্র উদ্বোধনের মাধ্যমে উপকূলীয় অঞ্চলের শিক্ষা কার্যক্রমে নতুন মাত্রা যুক্ত হলো।"

স্বাগত বক্তব্য দেন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার ও উদ্বোধনী অনুষ্ঠান আয়োজন কমিটির আহ্বায়ক অধ্যাপক ড. আবুল হাসনাত মোহাঃ শামীম। তিনি বাউবির একাডেমিক কার্যক্রমের বিভিন্ন সাফল্য তুলে ধরার পাশাপাশি বলেন— "বর্তমান উপাচার্যের গতিশীল নেতৃত্বে মাত্র এক বছরের মধ্যে বিশ্ববিদ্যালয় যে অভূতপূর্ব সাফল্য অর্জন করেছে, তা এত অল্প সময়ে বর্ণনা করা সত্যিই অসম্ভব।"

অনুষ্ঠানের সঞ্চালনা করেন বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্বপ্রাপ্ত) অধ্যাপক মোঃ আনিছুর রহমান।

এ সময় শরণখোলা ও মোরেলগঞ্জ উপজেলার উপজেলা নির্বাহী কর্মকর্তা, বাউবির বিভিন্ন স্কুল ও বিভাগের ডিন, পরিচালক, পরীক্ষার নিয়ন্ত্রক, খুলনা আঞ্চলিক কেন্দ্রের পরিচালক, শরণখোলা ও বাগেরহাট উপ-আঞ্চলিক কেন্দ্রের প্রধান, স্টাডি সেন্টারের সমন্বয়কারী ও টিউটর, স্থানীয় বিশিষ্ট ব্যক্তিবর্গ, শিক্ষক-শিক্ষার্থী এবং জনসাধারণ উপস্থিত ছিলেন। অনুষ্ঠান শেষে অতিথিরা শরণখোলা উপ-আঞ্চলিক কেন্দ্রের দাপ্তরিক কার্যক্রম পরিদর্শন করেন এবং শিক্ষক-শিক্ষার্থী ও স্থানীয় জনগণের সঙ্গে মতবিনিময় করেন।

মোঃ জাহাঙ্গীর হোসেন পাইক
যুগ্ম-পরিচালক
মোবাইল নং ০১৭১৪৫০৫৭৪৭



**Contact: Information and public Relations Division, Bangladesh Open University, Gazipur-1705, Bangladesh**
Phone: 02-996691119, Email: iprd@bou.ac.bd, Website: www.bou.ac.bd